গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট
(লাইন-১) (ই/এস)

১৩.০১.২০২০ তারিখ অনুষ্ঠিত ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী:

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ রাকিব উদ্দিন<br>প্রকল্প ব্যবস্থাপক (সিগনাল এন্ড টেলিকমিউনিকেশন) |
| সভার তারিখ | ১৩.০১.২০২০ |
| সভার সময় | ১১.০০ ঘটিকা |
| স্থান | প্রকল্প ব্যবস্থাপক (এসএন্ডটি), ডিএমআরটিডিপি (লাইন-১) (ই/এস) এর অফিস কক্ষে (প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১১) |
| উপস্থিতি | সংযুক্তি-ক |

সভার শুরুতে সভাপতি সকলকে স্বাগত জানান। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী সভার কাজ শুরু হয়। সভায় উপস্থিতির তালিকা **সংযুক্তি-ক**-তে সংযুক্ত করা হলো।

| ক্রমিক নং | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১. | বিগত সভার কার্যবিবরণী অনুমোদন | বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হলে উপস্থিত সদস্যগণের পক্ষ হতে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় বিগত সভার কার্যবিবরণী অনুমোদনের বিষয়ে সভায় উপস্থিত সদস্যগণ একমত পোষণ করেন। | বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | |
| ২. | বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনার বাস্তবায়ন পর্যালোচনা; | ২০১৯-২০২০ সালের উদ্ভাবনী কর্মপরিকল্পনা প্রণয়ন করে যথাসময়ে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে প্রেরণ করা হয়েছে এবং ডিএমটিসিএল-এর তথ্য বাতায়নে প্রকাশ করা হয়েছে। কর্মপরিকল্পনার ৫ টি সূচকের লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। অবশিষ্ট সূচকের লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকার উপর গুরুত্বারোপ করা হয়। | অবশিষ্ট সূচকের লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে। | ইনোভেশন টীম, ডিএমটিসিএল |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩. | উদ্ভাবনী উদ্যোগ পাইলটিং সংক্রান্ত | সভাপতি জানান যে, গত ২৩-০৯-২০১৯ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভায় যাচাই বাছাইয়ের জন্য উপস্থাপিত ০৮ টি উদ্ভাবনী আইডিয়া হতে জনাব শান্তি মনি চাকমা, উপ প্রকল্প পরিচালক (ভূমি অধিগ্রহণ ও পুনর্বাসন), ডিএমআরটিডিপি লাইন-৬ কর্তৃক দাখিলকৃত "ডেঙ্গু প্রতিরোধকল্পে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর আওতায় বাস্তবায়নাধীন বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেলের রুট এ্যালাইনমেন্ট ও সংশ্লিষ্ট অন্যান্য স্থাপনায় এডিস মশার বংশবৃদ্ধি রোধ" শীর্ষক উদ্ভাবনী উদ্যোগটি পাইলটিং এর সিদ্ধান্ত গৃহীত হয়েছিল। ইতোমধ্যে উক্ত উদ্ভাবনী আইডিয়াটি আইডিয়া ব্যাংকে আপলোড করা হয়েছে। উদ্ভাবনী উদ্যোগটি পাইলটিং করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাকে পত্র প্রেরণ করা হয়েছে। সংশ্লিষ্ট কর্মকর্তা উদ্যোগটি পাইলটিং করার পরিকল্পনা চূড়ান্ত করেছে বলে সভায় অবহিত করা হয়। এ বিষয়ে জনাব শান্তি মনি চাকমার সাথে নিবিড় যোগাযোগ রাখার বিষয়ে সভায় গুরুত্ব আরোপ করা হয়। | 'ডেঙ্গু প্রতিরোধকল্পে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর আওতায় বাস্তবায়নাধীন বাংলাদেশের প্রথমউড়াল মেট্রোরেলের রুট এ্যালাইনমেন্ট ও সংশ্লিষ্ট অন্যান্য স্থাপনায় এডিস মশার বংশবৃদ্ধি রোধ' শীর্ষক উদ্ভাবনী আইডিয়াটি পাইলটিং করার বিষয়ে জনাব শান্তি মনি চাকমা, উপপ্রকল্প পরিচালক (ভূমি অধিগ্রহণ ও পুনর্বাসন), ডিএমআরটিডিপি লাইন-৬, কে সার্বিক সহযোগিতা করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | ইনোভেশন টীম, ডিএমটিসিএল |
| ৪. | সক্ষমতা বৃদ্ধিকল্পে প্রশিক্ষণ আয়োজন | ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড-এর বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ অনুযায়ী উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধি করার জন্য একদিনের কর্মশালা/সেমিনার ও দুই দিনের প্রশিক্ষণ আয়োজনের লক্ষমাত্রা নির্ধারণ করা আছে। উক্ত প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে সভায় আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনা শেষে জানুয়ারি মাসেই একদিনের কর্মশালা/সেমিনার আয়োজন করা যেতে পারে মর্মে সভায় উপস্থিত সদস্যগণ মত প্রকাশ করেন। | উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে জানুয়ারি ২০২০ মাসে সেমিনার/কর্মশালার আয়োজন করতে হবে। | ইনোভেশন অফিসার ও ইনোভেশন টীম ডিএমটিসিএল |
| ৫. | বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতির অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন | ২০১৯-২০২০ সালের উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতির অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন বিষয়ে আলোচনা করা হয় এবং উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতির অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত করা হয়। প্রতিবেদনখানা যথাসময়ে করা প্রয়োজন। কর্মপরিকল্পনার ৫ টি সূচকের লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। অবশিষ্ট সূচকের লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকার উপর গুরুত্বআরোপ করা হয়। | অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে প্রেরণ এবং ডিএমটিসিএল -এর তথ্য বাতায়নে প্রকাশ করার ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং অবশিষ্ট লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে। | ইনোভেশন টীম, ডিএমটিসিএল |

| | | | | |
|---|---|---|---|---|
| ৬. | উদ্ভাবকগণকে স্বীকৃতি বা প্রণোদনা প্রদান | উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ এর কার্যক্রম ৯.১: উদ্ভাবকগণকে প্রশংসাসূচক উপ-আনুষ্ঠানিক পত্র/সনদপত্র/ক্রেস্ট/পুরস্কারপ্রদান বিষয়ে আলোচনা হয়। আলোচনান্তে উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০১৮-২০১৯ এর আওতায় ফার্মগেইট থেকে শাহবাগ পর্যন্ত এমআরটি লাইন-৬ এর নির্মাণ কাজ চলাকালীন যানজট হ্রাস করণে "ট্রাফিক ডাইভারশন" বিষয়ে উদ্ভাবনী আইডিয়াটি সফলভাবে বাস্তবায়িত হওয়ায় উক্ত উদ্ভাবনী আইডিয়ার উদ্ভাবক ও তাঁর দলকে উপ-আনুষ্ঠানিক পত্র/সনদপত্র প্রদানের বিষয়ে একমত পোষণ করা হয়। | উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০১৮-২০১৯ এর আওতায় ফার্মগেইট থেকে শাহবাগ পর্যন্ত এমআরটি লাইন-৬ এর নির্মাণ কাজ চলাকালীন যানজট হ্রাস করণে "ট্রাফিক ডাইভারশন" উদ্ভাবনী আইডিয়াটি সফলভাবে বাস্তবায়িত হওয়ায় উক্ত উদ্ভাবনী আইডিয়ার উদ্ভাবক জনাব মো: সারওয়ার উদ্দীন খান, প্রকল্প ব্যবস্থাপক-২, ডিএমআরটিডিপি লাইন-৬ ও তাঁর দলকে উপ-আনুষ্ঠানিকপত্র/ সনদপত্র প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ইনোভেশন অফিসার |
| ৭. | ডকুমেন্টেশন প্রকাশনা | উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ এর কার্যক্রম ১৪.১ এর আওতায় ডকুমেন্টেশন তৈরি ও প্রকাশনার (পাইলট ও সম্প্রসারিত) বাধ্যবাধকতা রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে একটি কমিটি গঠনের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়। | ডকুমেন্টেশন তৈরি ও প্রকাশনার নিমিত্ত জনাব শাহরিয়ার কবির, সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল), ডিএমআরটিডিপি লাইন-৬, জনাব মো: উজ্জ্বল হোসাইন, সহকারী প্রকৌশলী (মেকানিক্যাল), ডিএমআরটিডিপি লাইন-৬, এবং জনাব মো: আরিফুর রহমান, সহকারী প্রকৌশলী (সিভিল), ডিএমআরটিডিপি লাইন-৬ এর সমন্বয়ে ডকুমেন্টেশন তৈরী ও প্রকাশনার জন্য কমিটি গঠনের অফিস আদেশ জারি করতে হবে। | ইনোভেশন অফিসার |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ রাকিব উদ্দিন
প্রকল্প ব্যবস্থাপক (সিগনাল এন্ড টেলিকমিউনিকেশন)

স্মারক নম্বর: ৩৫.০৫.০০০০.১১৩.৫০.০০১.১৯.৫

তারিখ: ৫ মাঘ ১৪২৬
১৯ জানুয়ারি ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড

২) প্রকল্প পরিচালক (এমআরটি লাইন-৬), ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড

৩) প্রকল্প পরিচালক, (এমআরটি লাইন-১) ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড

৪) প্রকল্প ব্যবস্থাপক-২ (সিপি-০৩ এবং সিপি-০৪), প্রকল্প ব্যবস্থাপক-২ (সিপি-০৩ এবং সিপি-০৪) এর দপ্তর, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড

৫) উপ-প্রকল্প ব্যবস্থাপক (সিভিল) (সিপি-০৫), উপ-প্রকল্প ব্যবস্থাপক (সিভিল) (সিপি-০৫) এর দপ্তর, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড

৬) জনাব মোঃ আরিফুর রহমান, সহকারী প্রকৌশলী (সিভিল), ডিএমআরটিডিপি (লাইন-৬)

৭) জনাব মোঃ জুয়েল শিকদার, সহকারী প্রকৌশলী (মেকানিক্যাল), ডিএমআরটিডিপি (লাইন-৬)

৮) জনাব মোঃ উজ্জল হোসাইন , সহকারী প্রকৌশলী (মেকানিক্যাল), ডিএমআরটিডিপি (লাইন-৬)

৯) জনাব শাহরিয়ার কবির, সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল), ডিএমআরটিডিপি (লাইন-৬)

মোঃ রাকিব উদ্দিন
প্রকল্প ব্যবস্থাপক (সিগনাল এন্ড
টেলিকমিউনিকেশন)